

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট
ঠাকুরগাঁও।

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এ বর্ণিত কাঠামো অনুযায়ী কানাডা সরকারের অর্থায়নে আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর কারিগরি সহায়তায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং ইন্ডাস্ট্রিজ স্কিল কাউন্সিল যৌথভাবে শিল্পক্ষেত্রে চাহিদার আলোকে এগ্রো ফুড প্রসেসিং সেক্টরে কম্পিউন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী বাংলাদেশের নাগরিকদের কর্ম সংস্থানের উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট এর ফুড টেকনোলজি/বিভাগের আওতায় **“ফুড প্রসেসিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল (NTVQF, Level-1)”** কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদন ফরম উত্তোলন, জমাদান ও স্থান	০৯/০৫/২০১৭ইং তারিখ হতে ২৩/০৫/২০১৭ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত রেজিস্ট্রার শাখা, দ্বিতীয় তলায়।
লিখিত পরীক্ষার তারিখ ও সময়	২৬/০৫/২০১৭ইং, সময় সকালঃ ১০.০০ ঘটিকা
ক্বায়িক প্রবনতা টেস্ট ও মৌখিক পরীক্ষা	২৭/০৫/২০১৭ইং, সময় সকালঃ ১০.০০ ঘটিকা
চূড়ান্ত ফলাফল প্রকাশ	২৮/০৫/২০১৭ ইং
প্রশিক্ষণ শুরুর তারিখ	১০/০৬/২০১৭ ইং

প্রশিক্ষণ কোর্সে ভর্তির শর্তাবলীঃ

১। প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতার ন্যূনতম ৮ম শ্রেণী/জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা ভাষা ও গণিতে সক্ষমতা অথবা সংশ্লিষ্ট অকুপেশনে প্রি-ভোকেশনাল-২ সনদ প্রাপ্ত অথবা সংশ্লিষ্ট অকুপেশনে ০১ বছরের কাজের অভিজ্ঞতাসহ ভাষা, গণিত ও ভোকেশনাল স্কীলে সক্ষমতা টেস্টে উত্তীর্ণ হতে হবে।

২। উপর্যুক্ত প্রশিক্ষণে মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারবে, মেধা এবং কোটার ভিত্তিতে প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। সাধারণ আসনে ভর্তির সুযোগ ছাড়াও মহিলাদের জন্য ২৫% কোটা সংরক্ষিত থাকবে। প্রয়োজনীয় সংখ্যক মহিলা আবেদনকারী না পাওয়া গেলে পুরুষ আবেদনকারীদের মধ্য হতে মেধার ভিত্তিতে আসন করা হবে।

৩। সকল অকুপেশন প্রতিবন্ধি প্রশিক্ষণার্থীদের জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে। অকুপেশন ভেদে শারীরিক সামর্থ্য ও অন্যান্য শর্তাদি বিবেচনা পূর্বক নির্বাচনী কমিটি প্রার্থীতা চূড়ান্ত করবে।

